

১৭ই মার্চ ২০২৩ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর ১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী:

সভাপতি	:	জনাব মোঃ সেলিম রেজা প্রধান নির্বাহী কর্মকর্তা ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
তারিখ	:	১৭ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ ০২ মার্চ ২০২৩ খ্রিষ্টাব্দ
সময়	:	বেলা ১১.৩০ ঘটিকায়
স্থান	:	সভাকক্ষ, লেভেল-৮, প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা - পরিশিষ্ট "ক" দৃষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি গভীর শ্রদ্ধার সাথে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে স্মরণ করেন। তিনি বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আমাদের চিরন্তন প্রেরণার উৎস। তাঁর কর্ম ও আদর্শ চিরকাল আমাদের মাঝে বেঁচে থাকবে। তিনি বলেন, বঙ্গবন্ধু কেবল বাঙালি জাতির নন, তিনি বিশ্বে নির্যাতিত, নিপীড়িত ও শোষিত মানুষের স্বাধীনতার প্রতীক, মুক্তির দূত। সেদিনের টুঙ্গিপাড়ার অজপাড়া গ্রামে জন্মগ্রহণ করা 'খোকা' নামের সেই শিশুটি পরবর্তীতে হয়ে ওঠেন নির্যাতিত-নিপীড়িত বাঙালি জাতির মুক্তির দিশারী। গভীর রাজনৈতিক প্রজ্ঞা, 'আত্মত্যাগ ও জনগণের প্রতি অসাধারণ মমত্ববোধের কারণেই পরিণত বয়সে হয়ে ওঠেন বাঙালি জাতির অবিসংবাদিত নেতা। অতঃপর সভাপতি, ১৭ই মার্চ ২০২৩ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর ১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে কর্মসূচি প্রণয়নের জন্য উপস্থিত সকলের মতামত আহ্বান করেন।

সচিব, ডিএনসিসি, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, শিশু শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর ১২ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ ৩২.০০.০০০০.০৪১.২৩.০০১.২৩.৭০ সংখ্যক স্মারকের আন্তঃমন্ত্রণালয় প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান।

সভায় বিস্তারিত আলোচনান্তে ১৭ই মার্চ ২০২৩ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের জন্য নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:


ক্রম	কর্মসূচি/সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	ডিএনসিসির নগর ভবনে সকাল ১০.০০ ঘটিকায় জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা জ্ঞাপন করা হবে।	সকল বিভাগীয় প্রধান
২.	ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সকল গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহে আলোকসজ্জা করা হবে।	প্রধান প্রকৌশলী প্রধান রাজস্ব কর্মকর্তা মহাব্যবস্থাপক (পরিবহন) আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল)
৩.	মসজিদ, মন্দির, গির্জাসহ সকল ধর্মীয় প্রতিষ্ঠানে বিশেষ মোনাজাত ও প্রার্থনার আয়োজন করা হবে।	আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা

৪.	ডিএনসিসি নগর ভবনের ৬ষ্ঠ তলায় '১৭ই মার্চ' উদযাপনের লক্ষ্যে সকাল ১০.৩০ ঘটিকায় আলোচনা সভা অনুষ্ঠিত হবে।	গঠিত কমিটি
৫.	ওয়ার্ড পর্যায়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর জীবনালেখ্য নিয়ে আলোচনা সভা আয়োজনের জন্য সম্মানিত কাউন্সিলরগণের অনুকূলে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা করে (২৫,০০০/-x ৭২)=১৮,০০,০০০/- (আঠার লক্ষ) টাকা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	সম্মানিত কাউন্সিলর (সকল) প্রধান হিসাব রক্ষক কর্মকর্তা

ডিএনসিসি হল রুমে '১৭ই মার্চ' উদযাপনের লক্ষ্যে আলোচনা সভা আয়োজনের জন্য নিম্নবর্ণিত কমিটি গঠন করা হয়:

১. প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, ডিএনসিসি	-	আহ্বায়ক।
২. সচিব, ডিএনসিসি	-	সদস্য।
৩. প্রধান রাজস্ব কর্মকর্তা, ডিএনসিসি	-	সদস্য।
৪. মহাব্যবস্থাপক (পরিবহন), ডিএনসিসি	-	সদস্য।
৫. প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, ডিএনসিসি	-	সদস্য।
৬. প্রধান নগরপরিকল্পনাবিদ, ডিএনসিসি	-	সদস্য।
৭. সিস্টেম এনালিস্ট, ডিএনসিসি	-	সদস্য।

সভাপতি ১৭ই মার্চ ২০২৩ যথাযোগ্য মর্যাদায় উদযাপনে সকলের সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।


 মোঃ মেলিম রেজা
 প্রধান নির্বাহী কর্মকর্তা
 ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

তারিখ: ২২ ফাল্গুন ১৪২৮
১৪ মার্চ ২০২৩

স্মারক নং: ৪৬.১০.০০০০.০০৬.২৩.১৭৩.১২-১৫২

বিতরণ: (পদমর্যাদার ক্রমানুসারে নয়)

১. সম্মানিত কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড নং/সংরক্ষিত আসন নং, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২. বিভাগীয় প্রধান (সকল),ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), অঞ্চল, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪. মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৫. প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানস্থলে আপ্যায়নের ব্যবস্থা এবং পুষ্পস্তবক অর্পনের জন্য দুটি ফুলের তোরার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৬. সিস্টেম এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। ডিএনসিসি'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৭. সভাপতি/সাধারণ সম্পাদক....., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৮. অফিস কপি।